# শিক্ষার্থী নির্দেশিকা

Learners' Guide

## উন্নয়ন অধ্যয়নে মাস্টার্স প্রোগ্রাম

**Master of Development Studies (MDS) Programme**

প্রোগ্রাম সমন্বয়কারী

**ড. ইকবাল হুসাইন**
অধ্যাপক (সমাজবিজ্ঞান)
ওপেন স্কুল, বাউবি
মোবাইল # ০১৭৭৫-৩৭৮৮১৬




**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**

**Bangladesh Open University**

জুন ২০২৬

# শিক্ষার্থী নির্দেশিকা

## উন্নয়ন অধ্যয়নে মাস্টার্স প্রোগ্রাম

বাংলাদেশের জাতীয় সংসদ কর্তৃক প্রণীত আইন অনুযায়ী ১৯৯২ সালের ২১ অক্টোবর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। আধুনিক, যুগোপযোগী ও বহুমুখী শিক্ষা প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের সৃজন, চর্চা ও বিকাশই এই বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য। জীবনভর (Life-long) শিক্ষার দ্বার উন্মুক্ত করে শিক্ষাকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া এই বিশ্ববিদ্যালয়ের মূল উদ্দেশ্য। গণমুখী, কর্মমুখী ও জীবন-ঘনিষ্ঠ শিক্ষার মাধ্যমে দক্ষ মানবসম্পদ এবং একটি আত্মনির্ভরশীল জাতি গড়ে তুলতেও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) বিশেষভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

বিশ্বের যে কোনো প্রান্তে বসবাসরত বাংলাদেশী জনগণের জন্য বাউবি'র শিক্ষা কার্যক্রম সর্বদা উন্মুক্ত। সাশ্রয়ী শিখন সামগ্রী ব্যবহার করে বাংলাদেশের উন্মুক্ত ও দূরশিক্ষণের একমাত্র এই পাবলিক বিশ্ববিদ্যালয়টি মৌলিক মানবাধিকার হিসেবে শিক্ষাকে মানুষের জন্য সহজলভ্য করে তুলেছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির এই যুগে বাউবি বিভিন্ন ধরনের শিক্ষা-প্রযুক্তি উপকরণ (টুলস্) ব্যবহারের মাধ্যমে এসএসসি থেকে পিএইচডি পর্যন্ত ষাটের অধিক প্রোগ্রাম পরিচালনা করছে। এখানে একজন শিক্ষার্থী নিজের চাকুরি, ব্যবসা, তথা পেশাগত কার্যক্রম এবং পারিবারিক দায়-দায়িত্ব পালন করে লেখাপড়ার কাজ চালিয়ে নিতে পারেন। উন্মুক্ত ও দূরশিক্ষণে, নারী, পুরুষ, তৃতীয় লিঙ্গ, ধর্ম, বর্ণ, পেশা, বয়স কোনো বাধা নয়। একজন পেশাজীবী যেমন তার যোগ্যতা ও আগ্রহের ভিত্তিতে যেকোনো প্রোগ্রামে ভর্তি হতে পারেন, তেমনি একজন গৃহিণীও বাউবি'র শিক্ষা কার্যক্রমে নিজেকে সম্পৃক্ত করে তার শিক্ষাগত যোগ্যতাকে আরো উন্নত করতে পারেন।

ঢাকা শহরের উত্তরে গাজীপুর সিটি কর্পোরেশনের বোর্ডবাজার এলাকায় বাউবি'র মূল ক্যাম্পাস অবস্থিত। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য সারাদেশে রয়েছে ১২টি আঞ্চলিক কেন্দ্র, ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্র এবং প্রায় ১৫০০টি স্টাডি সেন্টারের বিশাল নেটওয়ার্ক। এই বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য রয়েছে এগারটি প্রশাসনিক বিভাগ এবং একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য রয়েছে সাতটি অনুষদ (যা 'স্কুল' নামে পরিচিত)। সাতটি একাডেমিক স্কুলের মধ্যে **ওপেন স্কুল** অন্যতম।

### ২. ওপেন স্কুল

শিক্ষার্থী ও শিক্ষক, প্রোগ্রাম, টিউটর ও স্টাডি সেন্টারের সংখ্যা বিবেচনায় ওপেন স্কুল বাউবি'র অন্যতম বৃহৎ স্কুল। ওপেন স্কুলের মাধ্যমেই বাউবি উন্মুক্ত ও দূরশিক্ষণ কার্যক্রমকে দেশের শহর থেকে প্রত্যন্ত গ্রাম পর্যন্ত বিস্তার ঘটিয়েছে। দেশের মূলধারার শিক্ষা কার্যক্রমের সাথে সমমান ও সামঞ্জস্য বজায় রেখে ওপেন স্কুল বর্তমানে ১২ টি ফরমাল প্রোগ্রাম পরিচালনা করছে। এসব প্রোগ্রামের মধ্যে মাধ্যমিক (এসএসসি) এবং উচ্চ মাধ্যমিক (এইচএসসি) প্রোগ্রাম যেমন রয়েছে, তেমনি বিবিএ, এমবিএ, মাস্টার্স, এমফিল এবং পিএইচডি'র মতো উচ্চশিক্ষা প্রোগ্রামও বিদ্যমান। ওপেন স্কুল সশস্ত্র বাহিনীর জন্য এইচএসসি (নিশ-১) এবং বিদেশে কর্মরত রেমিটেন্স যোদ্ধাদের জন্য এসএসসি ও এইচএসসি (বহিঃবাংলাদেশ নিশ-২) প্রোগ্রাম পরিচালনা করছে। বয়স, লিঙ্গ, পেশা, ধর্ম, জাতি-বর্ণ, শারীরিক প্রতিবন্ধকতা নির্বিশেষে যে কোনো ব্যক্তি ওপেন স্কুলের শিক্ষা প্রোগ্রামে ভর্তি হতে পারেন। জনপ্রিয় এসব প্রোগ্রামের মধ্যে উন্নয়ন অধ্যয়নে মাস্টার্স বা Master of Development Studies (MDS) প্রোগ্রামটি অন্যতম।

## ৩. উন্নয়ন অধ্যয়নে মাস্টার্স (MDS) প্রোগ্রাম

শিক্ষা, আধুনিকায়ন, নগরায়ণ, শিল্পায়ন ও উন্নয়নের প্রভাবে সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিনিয়ত নানাবিধ পরিবর্তন সাধিত হচ্ছে। গ্রামীণ ও কৃষিভিত্তিক আর্থ-সামাজিক ব্যবস্থা দুর্বল হয়ে শিল্পভিত্তিক, নগরায়িত, আধুনিক ও প্রযুক্তিনির্ভর সমাজ ব্যবস্থা ক্রমশ শক্তিশালী হয়ে উঠছে। চতুর্থ শিল্পবিপ্লব উৎপাদন ব্যবস্থা, অর্থনৈতিক সম্পর্ক, পুঁজি ও শ্রমবাজারকে নানাভাবে প্রভাবিত করছে। ফলে সমাজ, সংস্কৃতি, সামাজিক সম্পর্ক, মানুষের রুচি, মূল্যবোধ এবং দৈনন্দিন জীবন-যাপনেও নানা পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। আধুনিক উন্নয়নের ধারণায় কেবল মাথাপিছু আয় বৃদ্ধি কিংবা অর্থনৈতিক উন্নয়ন নয়; এখানে মানবিক ও সামাজিক উন্নয়ন, ক্রয় ক্ষমতা, পণ্যের অবাধ সরবরাহ, পরিবেশ ও জীববৈচিত্র্যের সুরক্ষার মতো বিষয়গুলোও ঘনিষ্ঠভাবে যুক্ত। পাশাপাশি 'সবাইকে নিয়ে এবং সবার জন্য উন্নয়ন' এবং উন্নয়নের দীর্ঘস্থায়ী সুফল নিশ্চিতকরণের লক্ষ্যে টেকসই উন্নয়ন প্রসঙ্গটিও এখন বহুলআলোচিত বিষয় হিসেবে পরিগণিত।

এই প্রেক্ষাপটে উন্নয়ন বিষয়ে একাডেমিক অধ্যয়নের গুরুত্বও ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বিপুল জনসংখ্যাকে দক্ষ মানবসম্পদে রূপান্তর এবং আন্তর্জাতিক যোগাযোগ ও বৈশ্বিক উন্নয়নে অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশের উন্নয়নের অভিযাত্রা আরো গতিশীল এবং বিস্তৃত হচ্ছে। অর্থনীতি, সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞানের সংমিশ্রনে (Multi-disciplinary) একটি গতিশীল (Dynamic) ও সময়োপযোগী বিষয় হিসেবে আগামীতে বাংলাদেশে উন্নয়ন অধ্যয়নের প্রয়োজনীয়তা, প্রাসঙ্গিকতা, গুরুত্ব ও চাহিদা আরো বৃদ্ধি পাবে। নিয়মিত শিক্ষার্থী ছাড়াও উন্নয়নকর্মী, উন্নয়ন সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি পেশাজীবী, শিক্ষক, ব্যাংকারের পাশাপাশি উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, বহুজাতিক কোম্পানি কিংবা বৈশ্বিক পরিমণ্ডলে ক্যারিয়ার গড়তে আগ্রহী ব্যক্তিবর্গের জন্য 'উন্নয়ন অধ্যয়নে মাস্টারর্স' (Master of Development Studies- MDS) একটি সম্ভাবনাময় প্রোগ্রাম।

## ৪. প্রোগ্রাম কাঠামো ও বৈশিষ্ট্য

**প্রোগ্রামের নামঃ** উন্নয়ন অধ্যয়নে মাস্টার্স **বা** Master of Development Studies (MDS)

**প্রোগ্রামের ধরনঃ** স্নাতকোত্তর (মাস্টার্স)

**প্রোগ্রামের মেয়াদঃ** ০২ (দুই) বছর (রেজিস্ট্রেশনের মেয়াদ পাঁচ বছর)

**সিমেস্টারের মেয়াদঃ** ০৬ (ছয়) মাস

**সিমেস্টার সংখ্যাঃ** ০৪ (চার)টি; প্রতি বছর ০২টি করে

**ক্লাস সংখ্যাঃ** প্রতি কোর্সে দুই ঘন্টা মেয়াদি মোট ১৬টি ক্লাস

**স্টাডি সেন্টারঃ** ওপেন স্কুলের প্রত্যক্ষ তত্ত্বাবধানে প্রোগ্রামটি বাউবি'র মেইন ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুরে পরিচালিত হয়।

## ৫. প্রোগ্রামের লক্ষ্য ও উদ্দেশ্য

এমডিএস প্রোগ্রামের লক্ষ্য হচ্ছে দক্ষ, বিজ্ঞানমনস্ক ও দেশপ্রেমে উদ্বুদ্ধ মানবসম্পদ তৈরির মাধ্যমে আধুনিক, উন্নত ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ প্রতিষ্ঠা। এই লক্ষ্য অর্জনের জন্য প্রোগ্রামের নিম্নোক্ত উদ্দেশ্যাবলি নির্ধারণ করা হয়েছেঃ

৫.১ চতুর্থ শিল্প বিপ্লব এবং একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ মানবসম্পদ তৈরি করা;

৫.২ মানসম্মত শিখন প্রণালীর মাধ্যমে শিক্ষার্থীদের যুগোপযোগী জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা;

৫.৩ অংশীজনের সম্পৃক্ততা নিশ্চিত করে জনবান্ধব উন্নয়নের নতুন ধারার (Approach) সূচনা করা;

৫.৪ গবেষণা কার্যক্রমকে উৎসাহ প্রদানের মাধ্যমে নতুন জ্ঞান সৃষ্টি করে উন্নয়ন সমস্যার সমাধানকে ত্বরান্বিত করা;

৫.৫ বাংলাদেশের স্থায়িত্বশীল উন্নয়নের লক্ষমাত্রা (SDGs) অর্জনে শিক্ষার্থীদের সক্ষমতা বৃদ্ধি করা;

৫.৬ কর্মক্ষেত্রে সুযোগ সৃষ্টি (Job opportunity) এবং পেশাগত উন্নয়নের (Career development) জন্য শিক্ষার্থীদেরকে প্রস্তুত করা;

৫.৭ বাংলাদেশের উন্নয়নে তাত্ত্বিক জ্ঞান ও প্রায়োগিক চর্চাকে গতিশীল করা।

## ৬. প্রোগ্রামে ভর্তি

### ৬.১ ভর্তির সময়

সাধারণত প্রতি বছর মার্চ মাসের শেষ সপ্তাহে কিংবা এপ্রিল মাসের ১ম সপ্তাহে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। এপ্রিল-মে-জুন মাসে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হয়। ভর্তি পরীক্ষা গ্রহণসহ ভর্তির যাবতীয় প্রক্রিয়া জুলাই মাসের মধ্যে সম্পন্ন করে জুলাই মাসের ৩য়/৪র্থ সপ্তাহ থেকে ১ম সিমেস্টারের ক্লাস শুরু হয়।

### ৬.২ প্রোগ্রামে ভর্তির ন্যূনতম যোগ্যতা

স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে ৩/৪ বছর মেয়াদি স্নাতক ডিগ্রি অথবা যে কোনো বিষয়ে একটি মাস্টার্স ডিগ্রিসহ ২ বছর মেয়াদি স্নাতক (পাস কোর্স) উত্তীর্ণ হতে হবে। শিক্ষা জীবনের যে কোনো পর্যায়ে অনধিক একটি ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকলেও আবেদন করা যাবে।

### ৬.৩ অনলাইলে ভর্তি ও রেজিস্ট্রেশন প্রক্রিয়া

এমডিএস প্রোগ্রামের ভর্তির জন্য আবেদন এবং মনোনীত হওয়া সাপেক্ষে প্রথম সিমেস্টারে ভার্তির যাবতীয় প্রক্রিয়া বাউবি'র OSAPS (অনলাইন প্লাটফরম)- এর মাধ্যমে পরিচালিত/সম্পন্ন হয়। এ বিষয়ে বিস্তারিত নির্দেশনা ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকে।

### ৬.৪ অন্যান্য বর্ষ/সেমিস্ট্রারে রেজিস্ট্রেশন প্রক্রিয়া

প্রোগ্রামটি জুলাই-জুন সেশনভিত্তিক। ফলে প্রতি ব্যাচের ডিসেম্বর মাসে একটি সিমেস্টার এবং জুন মাসে অপর একটি সিমেস্টার শেষ/সম্পন্ন হবে। একটি সিমেস্টার শেষ হলে পরবর্তী সিমেস্টারের শুরুতেই (জানুয়ারি/জুলাই মাসে) ওই সিমেস্টারের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হয়। এ বিষয়ে জারিকৃত নোটিশে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়ে থাকে।

### ৬.৫ কোর্স ফি, সিমেস্টার খরচ এবং মোট ব্যয়

এমডিএস প্রোগ্রামে প্রতি কোর্সের কোর্স ফি ৩০০০/- টাকা। সিমেস্টারভিত্তিক খরচ: ১ম সিমেস্টারে ২০,১০০/- টাকা, ২য় সিমেস্টারে ১৮,৮০০/- টাকা, ৩য় সিমেস্টারে ১৮,৯০০/- টাকা এবং ৪র্থ সিমেস্টারে ২৩,৬০০/- টাকা। এমডিএস প্রোগ্রামে সর্বমোট ব্যয় **৮১,৪০০/-** টাকা।

## ৭. পাঠদান প্রদ্ধতি

### ৭.১ পাঠদান প্রক্রিয়া

সমন্বিত পদ্ধতির (Blended mode) এই প্রোগ্রামের অধিকাংশ ক্লাস অনলাইনে পরিচালিত হয়। সিমেস্টার ফাইন্যাল পরীক্ষা বাউবি'র মেইন ক্যাম্পাসে (বোর্ডবাজার, গাজীপুর) শুক্রবার/শনিবারে অনুষ্ঠিত হয়ে থাকে।

### ৭.২ পাঠ-সামগ্রী

এই প্রোগ্রামে বাউবি'র পক্ষ থেকে কোনো বই/পাঠ-সামগ্রী প্রদান বা বিতরণ করা হয় না। তবে কোর্স শিক্ষণগণ পর্যাপ্ত রেফারেন্সসহ ক্লাস-লেকচার শিট, আর্টিকেল, বই-পুস্তক (সফ্টকপি) ইত্যাদি প্রদান করেন।

### ৭.৩ ক্লাস সংখ্যা

প্রতি কোর্সে মোট ১৬টি করে ক্লাস অনুষ্ঠিত হয়। প্রতিটি ক্লাসের সময় দুই ঘন্টা।

### ৭.৪ অধ্যয়ন ও উত্তরদানের মাধ্যম

এমডিএস প্রোগ্রামের পাঠদান, পাঠ-সামগ্রী, অধ্যয়ন এবং পরীক্ষায় উত্তর প্রদানের ক্ষেত্রে বাংলা অথবা ইংরেজি যে কোনো ভাষা ব্যবহার করা যাবে।

## ৮. কোর্স সংখ্যা, মোট নম্বর ও ক্রেডিট

প্রতি সিমেস্টারে ০৪টি করে মোট ১৬টি কোর্স রয়েছে। এর মধ্যে তত্ত্বীয় কোর্স ১৪টি, ৪র্থ সিমেস্টারে গবেষণা প্রকল্প (থিসিস) ০১টি এবং ভাইভা ০১টি। এমডিএস প্রোগ্রামে সর্বমোট নম্বর ১৭০০, ক্রেডিট ৬৫। সারণি ১ এ সিমেস্টারভিত্তিক কোর্স সংখ্যা, ক্রেডিট ও নম্বর উল্লেখ করা হলো।

**সারণি ১: সিমেস্টারভিত্তিক কোর্স সংখ্যা, ক্রেডিট ও নম্বর**

| সিমেস্টার | কোর্স সংখ্যা | ক্রেডিট | নম্বর |
|---|---|---|---|
| ১ম সিমেস্টার | ০৪টি কোর্স | ৪×৪= ১৬ ক্রেডিট | ৪×১০০= ৪০০ নম্বর |
| ২য় সিমেস্টার | ০৪টি কোর্স | ৪×৪= ১৬ ক্রেডিট | ৪×১০০= ৪০০ নম্বর |
| ৩য় সিমেস্টার | ০৪টি কোর্স | ৪×৪= ১৬ ক্রেডিট | ৪×১০০= ৪০০ নম্বর |
| ৪র্থ সিমেস্টার | ০২টি কোর্স | ২×৪= ০৮ ক্রেডিট | ২×১০০= ২০০ নম্বর |
| | গবেষণা প্রকল্প (থিসিস) | ১×৬= ০৬ ক্রেডিট | ১×২০০= ২০০ নম্বর |
| | কম্প্রিহেন্সিভ ভাইভা-ভোসি | ১×৩= ০৩ ক্রেডিট | ১×১০০= ১০০ নম্বর |
| **মোট: ০৪টি সিমেস্টার** | **১৪টি কোর্স, ০১টি থিসিস ও ০১টি ভাইভা** | **৬৫ ক্রেডিট** | **১৭০০ নম্বর** |

## ৯. কোর্সভিত্তিক নম্বর-বণ্টন:

তত্ত্বীয় প্রতিটি কোর্সে ৩০ শতাংশ নম্বরের ধারাবাহিক মূল্যায়ন এবং ৭০ শতাংশ নম্বরের সিমেস্টার ফাইন্যাল পরীক্ষা অনুষ্ঠিত হবে। কোর্সভিত্তিক নম্বর-বণ্টন সারণি ২ এ উপস্থাপন করা হলো:

**সারণি ২: কোর্সভিত্তিক নম্বর-বণ্টন**

| নম্বরের ধরন/খাত | | নম্বর বিভাজন |
|---|---|---|
| **ধারাবাহিক মূল্যায়ন** | | **৩০** |
| ক্লাসে উপস্থিতি/অংশগ্রহণ | ৫ | |
| প্রেজেন্টেশন | ৫ | |
| এ্যাসাইনমেন্ট | ১০ | |
| মিড-টার্ম পরীক্ষা | ১০ | |
| সিমেস্টার ফাইন্যাল পরীক্ষা | | **৭০** |
| **মোট নম্বর** | | **১০০** |

## ১০. পরীক্ষাঃ

জুলাই সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ১ম সিমেস্টার পরীক্ষা সাধারণত একই বছরের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হয়। ২য় সিমেস্টার পরীক্ষা হয় পরের বছর জুন মাসে। একইভাবে ৩য় সিমেস্টার পরীক্ষা হয় ওই বছরের ডিসেম্বর মাসে এবং ৪র্থ সিমেস্টার পরীক্ষা হয় পরের বছর জুন মাসে। প্রতিটি কোর্সের পরীক্ষার সময় ০৩ (তিন) ঘন্টা।

### ১০.১ পরীক্ষা পাশের নিয়মাবলি

ইউজিসি'র নিয়মানুযায়ী এই প্রোগ্রাম উত্তীর্ণ হতে হলে সর্বনিম্ন ৪০ শতাংশ নম্বর, সিজিপিএ ২.০ এবং *লেটার* গ্রেড 'D' পেতে হবে। কোনো শিক্ষার্থী প্রতি বিষয়ে ৮০ শতাংশ বা তার বেশি নম্বর প্রাপ্ত হলে তিনি সিজিপিএ ৪.০ এর মধ্যে আনুপাতিক সিজিপিএ এবং *লেটার* গ্রেড 'A+ (A plus)' অর্জন করবেন। উল্লেখ্য, একজন শিক্ষার্থীকে ধারাবাহিক মূল্যায়ন এবং সিমেস্টার ফাইন্যাল পরীক্ষায় অবশ্যই পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে।

**সারণি ৩ঃ ইউজিসি'র নীতিমালা অনুযায়ী অর্জিত নম্বর, লেটার গ্রেড এবং গ্রেড পয়েন্ট**

| Numerical Grade | Letter Grade | Grade Point |
|---|---|---|
| 80% or above | $A^+$ (A Plus) | 4.0 |
| 75% to less than 80% | A (A regular) | 3.75 |
| 70% to less than 75% | $A^-$ (A minus) | 3.5 |
| 65% to less than 70% | $B^+$ (B plus) | 3.25 |
| 60% to less than 65% | B (B regular) | 3.0 |
| 55% to less than 60% | $B^-$ (B minus) | 2.75 |
| 50% to less than 55% | $C^+$ (C plus) | 2.5 |
| 45% to less than 50% | C (C regular) | 2.25 |
| 40% to less than 45% | D | 2.0 |
| Less than 40% | F (Fail) | 00 |

### ১০.২ এমডিএস ডিগ্রি অর্জনের শর্ত

ভর্তিকৃত যে কোনো শিক্ষার্থীকে এমডিএস ডিগ্রি অর্জন করতে হলে সারণি ৪ এ উল্লেখিত বিষয়গুলো (সিমেস্টার, কোর্স, ক্রেডিট, নম্বর, গ্রেড পয়েন্ট) সাফল্যের সাথে সম্পন্ন করতে হবে।

**সারণি ৪: এমডিএস ডিগ্রি অর্জনের ন্যূনতম যোগ্যতা/শর্ত**

| সিমেস্টার | তত্ত্বীয় কোর্স | থিসিস | ভাইভা | ক্রেডিট | মোট নম্বর | পাস নম্বর | গ্রেড পয়েন্ট |
|---|---|---|---|---|---|---|---|
| ০৪টি | ১৪টি | ০১টি | ০১টি | ৬৫ | ১৭০০ | ৪০% | ২.০ |

### ১০.৩ পুনঃপরীক্ষার ও মানোন্নয়ন পরীক্ষা

কোনো শিক্ষার্থী নির্দিষ্ট কোনো কোর্সে পরীক্ষা না দিলে, কিংবা পরীক্ষা দিয়ে অকৃতকার্য হলে তিনি নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উক্ত কোর্স বা কোর্সসমূহে পুনঃপরীক্ষা দিতে পারবেন। কোনো কোর্সে ৫০ শতাংশ বা তার থেকে কম নম্বর (C Regular) পেলে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উক্ত কোর্স বা কোর্সসমূহে মানোন্নয়ন পরীক্ষা দেওয়া যাবে।

## ১১. সিমেস্টারভিত্তিক কোর্সের বিবরণ

**MDS: First Semester**

| Course code | Title | Credits | Marks | Remarks |
|---|---|---|---|---|
| MDS 1101 | Principles of Development Studies | 4.0 | 100 | Compulsory |
| MDS 1102 | Socio-anthropological Perspectives of Development | 4.0 | 100 | Compulsory |
| MDS 1104 | Politics and Public Administration | 4.0 | 100 | Compulsory |
| MDS 1105 | Development Economics | 4.0 | 100 | Compulsory |

**Second Semester:** Choose anyone from MDS 1208, MDS 1209 or MDS 1211.

| Course code | Title | Credits | Marks | Remarks |
|---|---|---|---|---|
| MDS 1205 | Principles of Economics: Micro and Macro Analysis | 4.0 | 100 | Compulsory |
| MDS 1207 | Contemporary and Sustainable Development | 4.0 | 100 | Compulsory |
| MDS 1210 | Social and Environmental Impact Analysis | 4.0 | 100 | Compulsory |
| MDS 1208 | Poverty, Inequality and Development | 4.0 | 100 | Elective |
| MDS 1209 | Gender and Development | 4.0 | 100 | Elective |
| MDS 1211 | Institutions, Power and Political Economy | 4.0 | 100 | Elective |

**Third Semester:** Choose anyone from MDS 2114, MDS 2115 or MDS 2116.

| Course code | Title | Credits | Marks | Remarks |
|---|---|---|---|---|
| MDS 2111 | Research Methodology | 4.0 | 100 | Compulsory |
| MDS 2112 | Project Planning, Management and Evaluation | 4.0 | 100 | Compulsory |
| MDS 2113 | Public Policy: Process Analysis and Evaluation | 4.0 | 100 | Compulsory |
| MDS 2114 | Climate Change, Disaster and Sustainable Development | 4.0 | 100 | Elective |
| MDS 2115 | Technology and Digital Economics | 4.0 | 100 | Elective |
| MDS 2116 | Public Finance and Development | 4.0 | 100 | Elective |

**Fourth/Final Semester:** *Choose any two from MDS 2217, MDS 2218, MDS 2219 or MDS 2220.*

| Course code | Title | Credits | Marks | Remarks |
|---|---|---|---|---|
| MDS 2217 | Migration, labor Market and Development | 4.0 | 100 | Elective |
| MDS 2218 | NGOs and Social Entrepreneurship | 4.0 | 100 | Elective |
| MDS 2219 | Public Health System and Management | 4.0 | 100 | Elective |
| MDS 2220 | Development Communication | 4.0 | 100 | Elective |
| MDS 2221 | Research (Thesis) Paper | 6.0 | 200 | Compulsory |
| MDS 2222 | Comprehensive Viva-voce | 3.0 | 100 | Compulsory |